

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২৯০

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - ইবাদতের জন্য হায়াত ও দৌলতের আকাঙ্কা করা

اَلْفَصِيْلُ التَّالِثُ (بَابُ اسْتِحْبَابِ الْمَالِ وَالْعُمُرِ لِلطَّاعَةِ)

আরবী

عَنْ رَجُلٌ مِنْ أَصِحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: كُنَّا فِي مَجْلِسٍ فَطَلَعَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعَلَى رَأْسِهِ أَثَرُ مَاءٍ فَقُلْنَا: يَا رَسُولَ اللَّهِ نَرَاكَ طَيِّبَ النَّفْسِ. قَالَ: أَجَلْ. قَالَ: ثُمَّ خَاصَ الْقَوْمُ فِي ذِكْرِ الْغِنَى فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا بَأْسَ بِالْغِنَى لِمَنِ اتَّقَى اللَّهَ عَزَّ وَجَلَّ وَالصِيِّدَةُ لِمَن ِاتَّقَى خَيْرٌ مِنَ الْغِنَى وَطِيبُ النَّفس من النَّعيم» رَوَاهُ أَحْمد

اسناده ضعیف ، رواه احمد (5 / 372 ح 23545) [و ابن ماجم (2141)] ـ

বাংলা

৫২৯০-[৭] নাবী (সা.) -এর জনৈক সাহাবী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আমরা এক মজলিসে বসা ছিলাম, এমন সময় রাস্লুল্লাহ (সা.) আমাদের মধ্যে এ অবস্থায় আগমন করলেন যে, তার মাথায় (সদ্য গোসলের) পানির চিহ্ন ছিল। আমরা বললাম : হে আল্লাহর রস্লু! আমরা আপনাকে প্রফুল্ল হৃদয়ের দেখছি। তিনি (সা.) বললেন : হ্যাঁ, ঠিকই। বর্ণনাকারী বলেন, অতঃপর লোকজন মাল-সম্পদের আলোচনায় লিপ্ত হল, তখন রাস্লুল্লাহ (সা.) বললেন : যে ব্যক্তি মহাপরাক্রমশালী আল্লাহকে ভয় করে তার জন্য সম্পদশালী হওয়াতে কোন ক্রটি নেই। মূলত মুব্তাকীদের জন্য সুস্থ হওয়া সম্পদশালী হওয়া অপেক্ষা অনেক উত্তম এবং মানসিক প্রশান্তি আল্লাহ তা'আলার নি'আমাতসমূহের অন্যতম একটি নি'আমাত। (আহমাদ)

ফুটনোট

সহীহ; মুসনাদে আহমাদ ২৩২০৬, সহীহ আল আদাবুল মুফরাদ ২৩১, ইবনু মাজাহ ২১৪১, সিলসিলাতুস সহীহাহ ১৭৪।



ব্যাখ্যা

ব্যাখ্যা : (نَرَاكَ طَيِّبَ النَّفْسِ) আপনাকে আনন্দিত দেখছি অর্থাৎ আপনার চেহারায় আনন্দ ও খুশির ঝলক যেন চকচক করে প্রস্ফুটিত হচ্ছে।

(قَالَ: ثُمَّ خَاصَ الْقَوْمُ فِي ذِكْرِ الْغِنَى) বর্ণনাকারী বলেন, অতঃপর লোকজন ধন-সম্পদ সম্পর্কে বিভিন্ন খারাপ মন্তব্য ও পরিণতি সম্পর্কে আলোচনা শুরু কর্ল।

(فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ﴿لَا بَأْسَ بِالْغِنَى لِمَنِ اتَّقَى اللَّهُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ﴿لَا بَأْسَ بِالْغِنَى لِمَنِ اتَّقَى اللَّهُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ﴿لَا بَأْسَ بِالْغِنَى لِمَنِ اتَّقَى اللَّهُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ﴿لَا بَأْسَ بِالْغِنَى لِمَنِ اتَّقَى اللَّهُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ﴿لَا بَأْسَ بِالْغِنَى لِمَنِ اتَّقَى اللَّهُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ﴿لَا بَأْسَ بِالْغِنَى لِمَنِ اتَّقَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ﴿لَا بَأْسَ بِالْغِنَى لِمَنِ اتَّقَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ﴿لَا يَأْسَ بِالْغِنَى لِمَنِ اتَّقَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ﴿لَا يَأْسَ بِالْغِنَى لِمَنِ اتَّقَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ﴿ اللّهُ اللّهُ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ﴿ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ﴿ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ﴿ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللّهُ عَلَيْهِ وَسَلَّ

তথা দরিদ্র হওয়া সত্ত্বেও সুস্বাস্থ্যের অধিকারী ব্যক্তির সম্পদশালী হওয়া দোষণীয় নয়, যে তাকওয়া অবলম্বন করবে। অথবা ধন-সম্পদ থেকে বেঁচে থাকার পরও সুস্বাস্থ্যের অধিকারী হওয়া দোষণীয় নয়, বরং এটাই উত্তম ঐ ধনী লোকের চেয়ে যে পরকালে হিসাব ও শান্তির সম্মুখীন হবে।

وَطِيبُ النَّفْسِ مِن النَّعِيمِ) স্বচ্ছল ও অসচ্ছল সর্বাবস্থায় ধৈর্যধারণ করে কৃতজ্ঞতায় হাসিখুশি থাকা নি'আমতের অন্তর্ভুক্ত, অর্থাৎ জান্নাতুন্ নাঈমের অধিকারী হওয়া। যেমনটি আল্লাহ তা'আলা বলেন, وَ لِمَن النَّعِيمِ) (وَ لِمَن النَّعِيمِ, "আর যে তার প্রতিপালকের সামনে হাজির হওয়ার ভয় রাখে তার জন্য আছে দুটো বাগান"- (সূরাহ্ আর রহমান ৫৫: ৪৬)। (মিরক্লাতুল মাফাতীহ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন